

## রামলালা

প্রতিমা ঘোষ

স্টেশন প্ল্যাটফর্মে টলমল পায়ে হাঁটে  
দুবছরের ছোট্ট ছেলোটি -  
একপাশে ধুলোয় মরে পড়ে আছে  
তার পোড়-খাওয়া, অনাহারী তরুণী মা।  
মৃত্যু কাকে বলে শিশুটি জানে না -  
বারবার আধো আধো গলায় মাকে ডাকতে থাকে,  
ছোট ছোট অশক্ত মুঠোয় টেনে জড়ো করে -  
মায়ের গায়ের সাদাকালো ডুরে চাদরটা,  
মায়ের শেষ ঘুম আর ভাঙে না।

ফুলো ফুলো ধুলো মাখা এলোমেলো পায়ে  
টলতে টলতে এদিক ওদিক যায় শিশুটি।  
কখন একটা একটা করে তার  
পায়ের নীচে ফুটে অদৃশ্য সাদা পদ্মফুলের সারি।

কখন মন্দির থেকে বাইরে নেমে এসে  
টলমল পায়ে হেঁটে যায় শিশু রামলালা, -  
ছোট ছোট নুপুর অজান্তে খুলে পড়ে গেছে ধুলোয়।